

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(পলিসি শাখা)

এসিএসপিডি সার্কুলার লেটার নং-০১

তাং-১১/০১/২০০৭

প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক

কৃষিভিত্তিক শিল্প চিহ্নিতকরণ প্রসংগে ।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে আমাদের ১৬/০১/২০০৬ তারিখের এসিএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি
আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত সার্কুলারের পরিশিষ্ট 'ক' এ বর্ণিত কৃষিভিত্তিক শিল্পের তালিকায় “পার্টিকেল বোর্ড” অন্তর্ভুক্ত
করা হলো ।

আপনাদের বিশ্বস্ত,

(দাশগুপ্ত অসীম কুমার)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৪৭

কৃষিভিত্তিক শিল্পের তালিকা (সংশোধিত)

- ১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প ;
- ২। ফল (টমেটো, আম, পেয়ারা, ইক্ষু, কাঁঠাল, লিচু, আনারস, নারকেল ইত্যাদি) শাক-সব্জি, ডাল প্রক্রিয়াকরণ ;
- ৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডুলস্ ইত্যাদি প্রস্তুতকরণ ;
- ৪। আটা, ময়দা. সুজি প্রস্তুতকরণ ;
- ৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ ;
- ৬। ষ্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ এবং অন্যান্য ষ্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প ;
- ৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুগ্ধ পাস্তুরিতকরণ, গুঁড়ো দুগ্ধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি) ;
- ৮। আলু থেকে প্রক্রিয়াজাত খাদ্য (চিপস্, পটেটো ফ্লেঞ্চ, ষ্টারস্ ইত্যাদি) উৎপাদনকারী শিল্প ;
- ৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প ;
- ১০। ভোজ্য তৈল পরিশোধন ও হাইড্রোজিনেশন ;
- ১১। লবন প্রক্রিয়াজাতকরণ শিল্প ;
- ১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ ;
- ১৩। হারবাল ও ভেষজ কস্মেটিক্স প্রস্তুতকারী শিল্প ;
- ১৪। ইউনানী , আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকারী শিল্প ;
- ১৫। হাঁস, মুরগী , গবাদি পশু ও মাছ এর জন্য সুষম খাদ্য প্রস্তুতকারী শিল্প ;
- ১৬। বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ;
- ১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন দড়ি, সুতা, টোয়াইন, চট, থলে, কার্পেট, পাটের সেভেল প্রভৃতি) ;
- ১৮। রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প ;
- ১৯। কৃষিজাত পণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত প্রভৃতি ;
- ২০। চাল, মুড়ি. চিড়া. ঠেং ইত্যাদি প্রস্তুতকরণ ;
- ২১। সুগন্ধি চাল ;
- ২২। চা প্রক্রিয়াকরণ শিল্প ;

- ২৩। নারিকেল তৈল প্রস্তুতকারী শিল্প (যদি দেশীয় নারিকেল হতে সংগৃহীত copra ব্যবহার করা হয়) ;
- ২৪। রাবার টেপ, লাক্সা প্রক্রিয়াজাতকরণ ;
- ২৫। কোল্ড স্টোরেজ (শুধুমাত্র বিশেষায়িত কোল্ড স্টোরেজকে যেখানে ফলমূল, শাক-সবজী সংরক্ষন করা হয়)
- ২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরী/উৎপাদন (কুটির শিল্প ছাড়া) ;
- ২৭। ফুল সংরক্ষন ও রপ্তানীকারক প্রতিষ্ঠান ;
- ২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান ;
- ২৯। জৈব সার, মিশ্র সার, গুটি ইউরিয়া ইত্যাদি তৈরী ;
- ৩০। বায়োপেস্টিসাইড, নীম উৎপাদিত পেস্টিসাইড ইত্যাদি তৈরী ;
- ৩১। মৌমাছির চাষ/মধু তৈরীর প্রকল্প ;
- ৩২। রাবারজাত দ্রব্যাদির তৈরীর প্রকল্প ;
- ৩৩। পার্টিকেল বোর্ড ।